**একই পত্র সংখ্যা ও তারিখে স্থলাভিষিক্ত**

পত্র সংখ্যা: এমএমএমবিএএ/২০২৩/৩(৩৩) তারিখ: ১৭/০৩/২০২৩

**বিষয়: মুলাদী মাহমুদজান মডেল মাধ্যমিক বিদ্যালয় অ্যালামনাই অ্যাসোসিয়েশনের ২০২৩ - ২০২৫ মেয়াদের কার্যনির্বাহী কমিটির ১ম সভার কার্যবিবরণী।**

**সভার তারিখ:** শনিবার ১৮ ফেব্রুয়ারি ২০২৩ **সময়:** বিকাল ০৪:০০ ঘটিকা।

**সভার স্থান:** THE GOLDEN SUN CHINESE Restaurant & Party Centre (3rd floor, Ramzan Nesa Super Market, Bus Stand, Mirpur 12)

**সভার নোটিশ/আমন্ত্রণ পত্র/আলোচ্যসূচি:** সংযুক্ত

**উপস্থিতি:** সংযুক্ত

**সভার ১ম পর্ব:** ২০২০ - ২০২২ মেয়াদের কার্যনির্বাহী কমিটি কর্তৃক ২০২৩ - ২০২৫ মেয়াদের কার্যনির্বাহী কমিটিকে আনুষ্ঠানিকভাবে দায়িত্ব হস্তান্তর বিষয়ক।

এ পর্বে সভাপতিত্ব করেন মোঃ রেজাউল করিম। সভাপতির অনুমতিক্রমে এই পর্ব পরিচালনা করেন জনাব মোঃ নাসির উদ্দীন। জনাব শরীফ মোঃ শাহাজুল ইসলামের বাংলা তরজমাসহ পবিত্র কোরআন তেলওয়াতের মাধ্যমে সভার কার্যক্রম শুরু হয়। এর পর সঞ্চালকের অনুরোধে উপস্থিত সকলে নিজ নিজ পরিচয় প্রদান করেন।

পরিচয় পর্ব শেষে নব নির্বাচিত কমিটিকে দায়িত্ব হস্তান্তর করা হয়। আলহাজ্ব মোঃ আলী আযম খান সভাপতির দায়িত্ব হস্তান্তর করেন জনাব আবুল কালাম আজাদকে এবং জনাব শরীফ মোঃ ছিদ্দিকুর রহমান সাধারণ সম্পাদকের দায়িত্ব হস্তান্তর করেন জনাব মোঃ শহীদুল ইসলাম খানকে। পেশাগত ব্যস্ততার কারণে ড. মোঃ মিজানুর রহমান অন্যত্র ব্যস্ত থাকায় অর্থসম্পাদকের দায়িত্ব মোসাঃ কামরুন্নাহার হান্নানকে তিনি ভার্চুয়াল মাধ্যমে হস্তান্তর করেন।

দায়িত্ব হস্তান্তরের পর অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সভাপতি ও সাধারণ সম্পাদক বিদায়ী সভাপতি ও সাধারণ সম্পাদককে ফুলেল শুভেচ্ছা জ্ঞাপন করেন। বিদায়ী সভাপতি ও সাধারণ সম্পাদক দায়িত্ব গ্রহণকারী সভাপতি ও সাধারণ সম্পাদককে ফুল দিয়ে বরণ করে নেন। অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সাংগঠনিক সম্পাদক জনাব এনামুল হক খান নকিব নবনির্বাচিত অর্থসম্পাদক মোসাঃ কামরুন্নাহার হান্নানকে ফুল দিয়ে বরণ করে নেন।

নির্বাচন কমিশনের পক্ষ থেকে বক্তব্যে জনাব মোঃ আবদুস সালাম কমিটি গঠনের প্রেক্ষাপট তুলে ধরে নবীন-প্রবীণদের সমন্বয়ে গঠিত নতুন কার্যনির্বাহী কমিটির সাফল্য কামনা করেন। তিনি তাঁর বক্তব্যে উপদেষ্টা কমিটিকে মুলাদী মাহমুদজান মডেল মাধ্যমিক বিদ্যালয় অ্যালামনাই অ্যাসোসিয়েশনকে অধিকতর কার্যকর করার প্রয়োজনে কাজে লাগানোর পরামর্শ প্রদান করেন। তিনি কল্যাণ তহবিল ন্যূনতম ১ (এক) কোটি টাকায় উন্নীত করার ওপর গুরুত্ব আরোপ করে নতুন কার্যনির্বাহী কমিটিকে জোর প্রচেষ্টা চালাতে বলেন।

বিগত কার্যনির্বাহী কমিটির সভাপতি বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব মোঃ আলী আযম খান এবং সাধারণ সম্পাদক জনাব শরীফ মোঃ ছিদ্দিকুর রহমান তাঁদের মেয়াদে সহযোগিতা প্রদানের জন্য সকলের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন এবং অ্যাসোসিয়েশনের স্বার্থে তাঁদের সহযোগিতার ধারা অব্যাহত রাখার দৃঢ় ইচ্ছা ব্যক্ত করেন।

০৬/০৪/২০২৩



ঢাকা কার্যালয়ঃ সেতারা'স ড্রীম ভবন, নোভা হোল্ডিংস (তৃতীয় তলা), ১/১১ পল্লবী, মিরপুর, ঢাকা-১২১৬, বাংলাদেশ।
মোবাইলঃ ০১৯৭৭-৯৭৬৬৯৯, ০১৭৮১-৭১৯৩৪৪, ই-মেইলঃ muladimmbalumni@gmail.com

উপদেষ্টামন্ডলীর সদস্য ডা. মোঃ নজরুল ইসলাম, প্রফেসর শরীয়তউল্লাহ্‌, মিজ উম্মে আয়েশা মোসাঃ সালমা খাতুন, বীর মুক্তিযোদ্ধা প্রফেসর মোঃ শাখাওয়াত হোসেন ও বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব মোঃ আলী আযম খান তাঁদের বক্তব্যে সহনশীলতার সাথে নতুন উদ্যমে সামনে এগিয়ে যাওয়ার জন্য নতুন কমিটির প্রতি উদাত্ত আহ্বান জানান। তাঁরা প্রবীণদের শুধু বার্ষিক সাধারণ সভা (AGM) কেন্দ্রিক সম্পৃক্ত না করে কীভাবে আরো সম্পৃক্ত করা যায় তার উপায় বের করার পরামর্শ দেন।

অর্থসম্পাদক মোসাঃ কামরুন্নাহার হান্নান সততা ও নিষ্ঠার সাথে তাঁর দায়িত্ব পালনের অঙ্গীকার ব্যক্ত করেন। সাধারণ সম্পাদক জনাব মোঃ শহীদুল ইসলাম খান তাঁকে আস্থায় নিয়ে গুরুত্বপূর্ণ দায়িত্ব প্রদানের জন্য সকলকে ধন্যবাদ জানান ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। তিনি তাঁর পদের দায়িত্ব পালনের মাধ্যমে প্রবীণ ও নবীনদের প্রত্যাশা পূরণ এবং তাঁর ওপর অর্পিত আস্থা ও বিশ্বাস রক্ষার অঙ্গীকার ব্যক্ত করেন। অ্যাসোসিয়েশনের কার্যনির্বাহী কমিটির সভাপতি জনাব আবুল কালাম আজাদ নির্বাচন কমিশন, উপদেষ্টামন্ডলী ও বিদায়ী কমিটির নেতৃবৃন্দের ব্যক্ত প্রত্যাশা পূরণের সর্বোচ্চ প্রচেষ্টা চালানোর অঙ্গীকার ব্যক্ত করেন। তিনি উপদেষ্টামন্ডলীর জন্য একটি WhatsApp Group খোলার ও তাঁদের পরামর্শ গ্রহণের একটি উপায় বের করার, অ্যাসোসিয়েশনের জন্য একটি Website খোলা এবং কল্যাণ তহবিল একটি সম্মানজনক স্তরে উন্নীত করার পরিকল্পনা প্রকাশ করেন। এ ছাড়াও তিনি শুধু বৃত্তি প্রদানের গন্ডি থেকে বের হয়ে বিদ্যালয়ের শিক্ষার্থীদের সুকুমার বৃত্তি ও সৃজনশীলতা চর্চার এবং বৃহৎ আঙ্গিকে নিজেদের ভাবার সুযোগ সৃষ্টির ওপর গুরুত্বারোপ করেন।

১ম পর্বে জনাব মোঃ রেজাউল করিম সভাপতির বক্তব্যে নতুন কমিটির সাফল্য প্রত্যাশা করেন। অ্যাসোসিয়েশনের ব্যাংক হিসাব ও কল্যাণ তহবিলের হিসাব হাল নাগাদ করার এবং স্বচ্ছতার সাথে পরিচালনার ওপর গুরুত্বারোপ করেন। আজকের অনুষ্ঠান ও নৈশভোজ সুষ্ঠুভাবে আয়োজনের জন্য বর্তমান কার্যনির্বাহী কমিটিকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

**দ্বিতীয় পর্ব:** কার্যনির্বাহী কমিটির প্রথম সভা

সভার ১ম পর্ব শেষে আমন্ত্রিত অতিথিবৃন্দ এবং কার্যনির্বাহী কমিটির সদস্যগণ আনন্দঘন পরিবেশে নৈশভোজে অংশগ্রহণ করেন। নৈশভোজ শেষে নির্বাচন কমিশন, সদ্যবিদায়ী কার্যনির্বাহী কমিটির নেতৃবৃন্দ এবং উপদেষ্টামন্ডলী নতুন কার্যনির্বাহী কমিটির কল্যাণ কামনা করে বিদায় নেন। এ পর্যায়ে কার্যনির্বাহী কমিটির প্রথম সভা আনুষ্ঠানিকভাবে শুরু হয়। সভায় সভাপতিত্ব করেন কার্যনির্বাহী কমিটির সভাপতি জনাব আবুল কালাম আজাদ। সভাপতির অনুমতিক্রমে সভা পরিচালনা করেন কার্যনির্বাহী কমিটির সাধারণ সম্পাদক জনাব মোঃ শহীদুল ইসলাম খান। সভায় পূর্বনির্ধারিত আলোচ্যসূচি ও ১ম পর্বের আলোচনার সূত্রে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত করা হয়।

**<u>আলোচনা ও সিদ্ধান্ত</u>**

১. **গঠনতন্ত্র মোতাবেক কার্যনির্বাহী কমিটির সকলের দায়িত্ব ও কর্তব্য বিষয়ক আলোচনায়** গঠনতন্ত্র মোতাবেক ও সময় সময় বিভিন্ন কমিটি/উপকমিটির কার্যপরিধি অনুযায়ী এবং নির্বাহী কমিটির সভার সিদ্ধান্তক্রমে দায়িত্ব পালনের ওপর গুরুত্ব আরোপ করা হয়।

**সিদ্ধান্ত: ১.১** কমিটির সকলের নিকট অ্যালামনাই অ্যাসোসিয়েশনের গঠনতন্ত্রের হার্ডকপি পৌঁছানো হবে। এ ছাড়াও গঠনতন্ত্র WhatsApp Group ও Website (নির্মাণ প্রক্রিয়াধীন) -এ আপলোড করা হবে। এ ছাড়াও বিভিন্ন সময় গঠিত কমিটি/উপকমিটি ইলেকট্রনিক্যালি শেয়ার করা হবে। জনাব এস এম আলী আযম লাবু এ দায়িত্ব পালন করবেন।

০৬/০৫/২০২৬



ঢাকা কার্যালয়ঃ সেতারা'স ড্রীম ভবন, নোভা হোল্ডিংস (তৃতীয় তলা), ১/১১ পল্লবী, মিরপুর, ঢাকা-১২১৬, বাংলাদেশ।
মোবাইলঃ ০১৯৭৭-৯৭৬৬৯৯, ০১৭৮১-৭১৯৩৪৪, ই-মেইলঃ muladimmbalumni@gmail.com

**২. কল্যাণ তহবিল পরিচালনা /কমিটি গঠন বিষয়ক** আলোচনায় গঠনতন্ত্র মোতাবেক কল্যাণ তহবিল পরিচালনা কমিটি গঠন ও বছরের শুরুতে বৃত্তি প্রদানের বিষয় মতামত প্রকাশ করা হয়। কল্যাণ তহবিল দীর্ঘদিন যাবৎ স্থির অবস্থায় পরে আছে। সভায় তহবিল বৃদ্ধি এবং সর্বোত্তম ব্যবহারের ওপর গুরুত্ব আরোপ করা হয়।

**সিদ্ধান্ত: ২.১** পরবর্তী সভায় গঠনতন্ত্রের নির্দেশনা মোতাবেক কল্যাণ তহবিল পরিচালনা কমিটি গঠন করা হবে।

**সিদ্ধান্ত: ২.২** তহবিল বৃদ্ধির লক্ষ্যে সম্ভাব্য দাতা চিহ্নিত করে কার্যনির্বাহী কমিটি কর্তৃক পত্রযোগে/ফোনালাপে/ই-মেইলে/সশরীরে উপস্থিত হয়ে তাঁদের কন্ট্রিবিউট করার অনুরোধ জানানো হবে। এ লক্ষ্যে সম্ভাব্য দাতাগণের তালিকা ও খসড়া পত্র কমিটির পরবর্তী সভায় উপস্থিত করতে হবে।

**৩. অ্যালামনাই অ্যাসোসিয়েশনের ব্যাংক হিসাব** (Muladi Mahmudjan Madhyomik Biddaloy Alumni Association, Savings Account No. 010112100594224, Mercantile Bank Limited, Main Branch, Dilkhusa C/A, Dhaka) ও **তিনটি এফডিআর** (A/C No. 110141310107091, 1410000484899 এবং A/C No. 110141329963142, Mercantile Bank Limited, Main Branch, Dilkhusa C/A, Dhaka) **পরিচালনা বিষয়ক আলোচনায়** নতুন কমিটিকে ব্যাংক হিসাব পরিচালনার কর্তৃত্ব/ক্ষমতা হস্তান্তরের বিষয় গুরুত্বসহকারে আলোচনা হয়। সভার আলোচনা থেকে জানা যায় - বিগত ২০২০-২০২২ মেয়াদের কার্যনির্বাহী কমিটি কোভিড-১৯ মহামারীজনিত পরিস্থিতির কারণে ২ (দুই) বছরের অধিককাল কাজ করার সুযোগ পায় নি। এ ছাড়াও ২০২০-২০২২ মেয়াদের পুর্বের কমিটির সভাপতি জনাব শাহ্ আলম এনডিসি হঠাৎ শারীরিকভাবে অসুস্থ হয়ে পড়েন। ফলশ্রুতিতে ২০২০-২০২২ মেয়াদের কার্যনির্বাহী কমিটির সভাপতি জনাব মোঃ আলী আজম খান, সাধারণ সম্পাদক জনাব শরীফ মোঃ ছিদ্দিকুর রহমান এবং অর্থসম্পাদক সম্পাদক ড. মোঃ মিজানুর রহমান-কে সমিতির ব্যাংক হিসাব পরিচালনার কর্তৃত্ব/ক্ষমতা হস্তান্তর করাও সম্ভব হয়নি। ২০২০-২০২২ মেয়াদের পুর্বের নির্বাহী কমিটির সভাপতি জনাব শাহ্ আলম এনডিসি- এর স্থলে ২০২০-২০২২ মেয়াদের নির্বাহী কমিটিতে জনাব জনাব মোঃ আলী আজম খান সভাপতি পদে নির্বাচিত হন এবং সাধারণ সম্পাদক পদে জনাব শরীফ মোঃ ছিদ্দিকুর রহমান ও অর্থসম্পাদক সম্পাদক পদে ড. মোঃ মিজানুর রহমান পুনঃনির্বাচিত হন। এমতাবস্থায়, সভায় মত প্রকাশ হয় যে, ২০২০-২০২২ মেয়াদের পুর্বের কমিটি সরাসরি বর্তমান কমিটিকে অ্যালামনাই অ্যাসোসিয়েশনের ব্যাংক হিসাব পরিচালনার দায়িত্ব হস্তান্তর করতে পারে।

বর্তমান নির্বাহী কমিটির সহ-সভাপতি জনাব শরীফ মোঃ ছিদ্দিকুর রহমান এ পর্যায়ে সভাকে জানান যে "MULADI MAHMUDJAN MADHYOMIK BIDDALOY ALUMNI ASSOCIATION" শিরোনামে Mercantile Bank Limited, Main Branch, দিলকুশা বা/এ, ঢাকায় অ্যাসোসিয়েশনের একটি সেভিংস একাউন্ট (No. 010112100594224) এবং তিনটি এফডিআর (হিসাব No.110141310107091, 1410000484899, 110141329963142) চলমান আছে। যা অ্যাসোসিয়েশনের সভাপতি, সাধারণ সম্পাদক ও অর্থ সম্পাদকের যৌথস্বাক্ষরে পরিচালিত হচ্ছে। গত ৩১/১২/২০২২ তারিখে অ্যাসোসিয়েশনের ৩য় সাধারণ সভায় উক্ত ৩টি পদে নতুন সভাপতি, সাধারণ সম্পাদক ও অর্থ সম্পাদকে নির্বাচিত হওয়ায় ব্যাংক হিসাব পরিচালনায় পরিবর্তন আনতে হবে। সে হিসাবে সাবেক সভাপতি জনাব শাহ আলম এনডিসি'র স্থলে ২০২৩-২০২৫ মেয়াদের নতুন সভাপতি জনাব আবুল কালাম আজাদ এর স্বাক্ষর, সাবেক সাধারণ সম্পাদক জনাব শরীফ মোঃ ছিদ্দিকুর রহমানের স্থলে ২০২৩-২০২৫ মেয়াদের নতুন সাধারণ সম্পাদক জনাব মোঃ শহীদুল ইসলাম খানের স্বাক্ষর এবং সাবেক অর্থ সম্পাদক ড. মোঃ মিজানুর রহমানের স্থলে ২০২৩-২০২৫ মেয়াদের নতুন অর্থ সম্পাদক মোসাঃ কামরুন্নাহার হান্নান- এর স্বাক্ষর প্রতিস্থাপিত হবে। তিনি আরো উল্লেখ করেন যে, ২০২০-২০২২ মেয়াদে শুধু সভাপতি পদে পরিবর্তন হয়েছে। কোভিড-১৯ এর কারণে ঐ মেয়াদে সে

০৬/০৫/২০২৩

রকম কোন কার্যক্রম গ্রহণ করা সম্ভব হয়নি। ব্যাংকেও তেমন কোন লেনদেন না হওয়ার কারণে ব্যাংকে ঐ সভাপতির স্বাক্ষর পরিবর্তন করা হয়নি বিধায় সাবেক সভাপতি শাহ আলম, এনডিসি'র স্বাক্ষর বর্তমানে চলমান আছে।

**সিদ্ধান্ত: ৩.১** অ্যালামনাই অ্যাসোসিয়েশনের ব্যাংক হিসাব (Muladi Mahmudjan Madhyomik Biddaloy Alumni Association, Savings Account No. 010112100594224, Mercantile Bank Limited, Main Branch, Dilkhusa C/A, Dhaka) ও তিনটি এফডিআর (A/C No. 110141310107091, 1410000484899 এবং A/C No. 110141329963142, Mercantile Bank Limited, Main Branch, Dilkhusa C/A, Dhaka) পরিচালনায় নির্বাহী কমিটির সাবেক সভাপতি জনাব শাহ্ আলম এনডিসি, সাধারণ সম্পাদক জনাব শরীফ মোঃ ছিদ্দিকুর রহমান এবং অর্থসম্পাদক সম্পাদক ড. মোঃ মিজানুর রহমানের নাম ও স্বাক্ষরের স্থলে বর্তমান কমিটির (২০২৩-২০২৫) সভাপতি জনাব আবুল কালাম আজাদ, সাধারণ সম্পাদক জনাব মোঃ শহীদুল ইসলাম খান ও অর্থসম্পাদক মোসাঃ কামরুন্নাহার হান্নান-এর স্বাক্ষর প্রতিস্থাপন করতে হবে।

**সিদ্ধান্ত: ৩.২** বর্তমান নির্বাহী কমিটির সাধারণ সম্পদক জনাব মোঃ শহীদুল ইসলাম খান সাবেক নির্বাহী কমিটির সভাপতি, সাধারণ সম্পদক ও অর্থসম্পাদক এবং ব্যাংকের সাথে সমন্বয় ও যোগাযোগের মাধ্যমে গঠনতন্ত্রের নির্দেশনা মোতাবেক নতুন কমিটিকে অ্যাসোসিয়েশনের ব্যাংক হিসাব পরিচালনার কর্তৃত্ব/ক্ষমতা হস্তান্তরের প্রক্রিয়া ত্বরান্বিত করবেন। এ ক্ষেত্রে প্রয়োজন হলে অ্যাসোসিয়েশনের সম্মানিত উপদেষ্টা ও বিশিষ্ট ব্যাংকার জনাব মোঃ আবদুস সালাম (প্রাক্তন ডিএমডি, মার্কেন্টাইল ব্যাংক লিঃ) -এর সাহায্য নিতে হবে।

**সিদ্ধান্ত: ৩.৩** নতুন কমিটির অর্থ সম্পাদক মোসাঃ কামরুন্নাহার হান্নান ইতোপুর্বেকার কমিটির অর্থ সম্পাদক ড. মোঃ মিজানুর রহমানের নিকট থেকে যাবতীয় দায়-দায়িত্ব বুঝে নিবেন।

**৪. মাসিক চাঁদার হার নির্ধারণ বিষয়ক আলোচনায়** বর্তমান বাজার মূল্য বিবেচনায় নির্বাহী কমিটির সদস্যদের জনপ্রতি মাসিক চাঁদা ২০০.০০ (দুইশত) টাকা একেবারে অপ্রতুল মর্মে সকলে মত প্রকাশ করেন।

**সিদ্ধান্ত: ৩.১** নির্বাহী কমিটির সদস্যদের জনপ্রতি মাসিক চাঁদার হার সর্বসম্মতিক্রমে ৩০০.০০ (তিনশত) টাকা নির্ধারণ করা হল। সময় সময় মাসিক চাঁদার হার পর্যালোচনা করে নির্ধারণ করতে হবে।

**৫. বৃত্তি প্রদান প্রদান বিষয়ক আলোচনায়** বছেরের শুরুতে বৃত্তি প্রদান এবং বৃত্তি প্রদানে স্বচ্ছতা ও জবাবদিহীতার ওপর গুরুত্ব অরোপ করা হয়। প্রধান শিক্ষক ও শ্রেণি শিক্ষকদের সহায়তায় বৃত্তি প্রদেয় শিক্ষার্থী মনোনয়নের বিষয়ে সভায় একমত প্রকাশ করা হয়। কল্যাণ তহবিল পরিচালনা কমিটি বৃত্তি প্রদানের ক্ষেত্রে সাচিবিক দায়িত্ব পালনের জন্য ম্যান্ডেট প্রাপ্ত। বৃত্তি প্রদেয় শিক্ষার্থীদের খসড়া তালিকা নির্বাহী কমিটিতে অনুমোদন করিয়ে কল্যাণ তহবিল পরিচালনা কমিটি বৃত্তি প্রদান করতে পারে।

**সিদ্ধান্ত ৫.১** কল্যাণ তহবিল পরিচালনা কমিটি যথাসম্ভব বছরের শুরুতে গঠনতন্ত্র মোতাবেক বৃত্তি প্রদান করবে। বর্তমান বছরে মে - জুন মাসের মধ্যে বৃত্তি প্রদান করার চেষ্টা করতে হবে। পরবর্তীতে প্রতি বছরের শুরুতে (ফেব্রুয়ারি-মার্চ) বৃত্তি প্রদানের চেষ্টা করতে হবে।

**সিদ্ধান্ত ৫.২** বৃত্তি প্রদানের সকল পর্যায়ে স্বচ্ছতা ও জবাবদিহীতা নিশ্চিত করতে হবে। কল্যাণ তহবিল পরিচালনা কমিটি কার্যনির্বাহী কমিটির সাথে আলোচনাক্রমে নির্ধারিত ক্রাইটেরিয়া অনুযায়ী বিদ্যালয় কর্তৃপক্ষের মাধ্যমে বৃত্তি প্রদেয় শিক্ষার্থীদের তথ্য সংগ্রহ ও তালিকা প্রণয়ন করবে। বৃত্তি প্রদান সংক্রান্ত সকল প্রাসংগিক ডকুমেন্ট কল্যাণ তহবিল পরিচালনা কমিটিকে সংরক্ষণ করতে হবে।

০৮।০৫।২০২৬



ঢাকা কার্যালয়ঃ সেতারা'স ড্রীম ভবন, নোভা হোল্ডিংস (তৃতীয় তলা), ১/১১ পল্লবী, মিরপুর, ঢাকা-১২১৬, বাংলাদেশ।
মোবাইলঃ ০১৯৭৭-৯৭৬৬৯৯, ০১৭৮১-৭১৯৩৪৪, ই-মেইলঃ muladimmbalumni@gmail.com

**সিদ্ধান্ত ৫.৩** ওয়েবসাইটে বৃত্তি প্রাপ্তদের তালিকা প্রকাশ করতে হবে। ইতোপূর্বে যাঁদের বৃত্তি প্রদান করা হয়েছে তাঁদেরসহ একটি পূর্ণাঙ্গ ডাটাবেজ তৈরি করা যায় কিনা তা 'কল্যাণ তহবিল পরিচালনা কমিটি' পরীক্ষা নিরীক্ষা করে দেখবে এবং নির্বাহী কমিটির সভায় তা উপস্থাপন করবে।

**৬. অ্যাসোসিয়েশনের ওয়েবসাইট নির্মাণ বিষয়ক আলোচনায়** মুলাদী মাহমুদজান মডেল মাধ্যমিক বিদ্যালয় অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সার্বজনীন গ্রহণযোগ্যতা, বিশ্বাসযোগ্যতা, আধুনিকায়ন, কার্যসম্পাদনে স্বচ্ছতা ও জবাবদিহীতা, সদস্যসংখ্যা বৃদ্ধি এবং তহবিল গঠন ত্বরান্বিত করার প্রত্যয়ে উপস্থিত সকলে ওয়েবসাইটের প্রয়োজনীয়তা অনুভব করে। সভায় ওয়েবসাইট নির্মাণের জন্য একটি কমিটি গঠনের মতামত ব্যক্ত করা হয়।

**সিদ্ধান্ত ৬.১** প্রকৌশলী লেঃ কঃ নুরুল আলম- এর সভাপতিত্বে ৫ (পাঁচ) সদস্যবিশিষ্ট ওয়েবসাইট নির্মাণ কমিটি গঠন করা হল। কারিগরি প্রয়োজনে এই কমিটি অ্যাসোসিয়েশনের কোন সদস্য কো-অপ্ট করতে পারবে।

| **ক্রমিক নং** | **নাম** | **পদবি** |
|---|---|---|
| ১. | প্রকৌশলী লেঃ কঃ নুরুল আলম | সভাপতি |
| ২. | মোঃ সহিদুল ইসলাম (নিপু) | সদস্য |
| ৩. | জনাব এস এম আলী আযম | সদস্য |
| ৪. | জনাব মোঃ ইব্রাহিম হোসেন | সদস্য |
| ৫. | জনাব মঈনুল হাসান মানিক | সদস্য সচিব |

**সিদ্ধান্ত ৬.২** ওয়েবসাইট নির্মাণ কমিটি বিনির্দেশ/ইন্টারফেজ, কনটেন্ট, ডোমেইন নির্ধারণ, দর প্রাক্কলন ও ভেন্ডর (ওয়েবসাইট ডেভেলপার) নির্ধারণ করে কার্যনির্বাহী কমিটিতে উপস্থাপন করবেন ও অনুমোদন নিবেন। ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করবেন।

**৭. WhatsApp Group পরিচালনার নীতিমালা বিষয়ক আলোচনায়** এ গ্রুপকে অ্যাসোসিয়েশনের গুরুত্বপূর্ণ ও জরুরী যোগাযোগ মাধ্যম অবহিত করা হয়। আনুষ্ঠানিক যোগাযোগের মাধ্যম হিসেবে গড়ে তোলার লক্ষ্যে গ্রুপে অপ্রয়োজনীয়, হাস্যকর, দৃষ্টিকটু ও স্থুল বিষয় এবং একান্ত ব্যক্তিগত কিছু পোস্ট না দেওয়ার মত প্রকাশ করা হয় সভায়। সর্বোপরি, সভায় অ্যাসোসিয়েশনের সার্বজনীনতাকেই প্রাধান্য দেওয়ার অভিমত ব্যক্ত হয়।

**সিদ্ধান্ত ৭.১** অ্যালামনাই বিষয়ক আলোচনা, সিদ্ধান্ত, সভার নেটিশ ও কার্যবিবরণী পোস্ট করা যাবে। অ্যালামনাই সদস্যদের কারো কোন অর্জন ও সাফল্য এবং অভিনন্দন/শুভেচ্ছাসূচক মন্তব্য, জাতীয় দিবস, ধর্মীয় উৎসব, রাষ্ট্রীয়ভাবে স্বীকৃত কোন দিবস/ইভেন্ট উপলক্ষ্যে শুভেচ্ছা জ্ঞাপন, অ্যালামনাই সদস্যদের কারো কোন বিপদ হলে অবগত করা ও সহযোগিতার আহ্বান, এবং অ্যালামনাই সদস্যদের পারিবারিক/সামাজিক কোন প্রোগ্রামে আমন্ত্রণ জানানো যাবে। এ সকল ক্ষেত্রে অবশ্যই সার্বজনীন স্বীকৃত শিষ্টাচার, পরিমিতিবোধ ও সৌন্দর্য্যবোধের বিষয়গুলো বিবেচনায় রাখতে হবে।

**সিদ্ধান্ত ৭.২** রাজনৈতিক স্পর্শকাতর কোন কিছু শেয়ার করা যাবে না।

**সিদ্ধান্ত ৭.৩** কোন ধর্ম বিশ্বাস, রাজনৈতিক বিশ্বাস, সংস্কৃতি, গোত্র, গোষ্ঠী, বংশ, জাতি, নৃগোষ্ঠী, অঞ্চল, পেশাকে হেয় প্রতিপন্ন করে - এমন কিছু শেয়ার করা যাবে না। নিজ দেশের স্বাধীনতা সার্বভৌমত্ব ও রাষ্ট্রীয় অখন্ডতার প্রতি হুমকীর উপাদান, জেন্ডার স্পর্শকাতর এবং অন্য দেশের সাথে কূটনৈতিক সম্পর্ক বিনষ্টকারী কোন কনটেন্ট শেয়ার করা যাবে না। কোন ব্যক্তিকে অবমূল্যায়ন, কটাক্ষ বা খাটো করে কোন কিছু শেয়ার করা যাবে না।

০৬/০৫/২০২৬



ঢাকা কার্যালয়ঃ সেতারা'স ড্রীম ভবন, নোভা হোল্ডিংস (তৃতীয় তলা), ১/১১ পল্লবী, মিরপুর, ঢাকা-১২১৬, বাংলাদেশ।
মোবাইলঃ ০১৯৭৭-৯৭৬৬৯৯, ০১৭৮১-৭১৯৩৪৪, ই-মেইলঃ muladimmbalumni@gmail.com

**সিদ্ধান্ত ৭.৪** নেতিবাচক কিছু পাওয়া গেলে এডমিন তা মুছে দিতে পারেন।

**সিদ্ধান্ত ৭.৫** অপ্রয়োজনীয় কোন টেক্সট ও ছবি শেয়ার করে গ্রুপকে ভারাক্রান্ত করা যাবে না।

**৮. নতুন সদস্য সংগ্রহ ও স্মরণিকা প্রকাশ বিষয়ক আলোচনায়** অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সদস্য সংখ্যা বৃদ্ধি না পাওয়ায় সকলে উদ্বেগ প্রকাশ করে। সর্বশেষ স্মরণিকা অনুযায়ী দীর্ঘদিন যাবৎ সদস্য সংখ্যা প্রায় ছয় শতাধিকই রয়েছে। এর মধ্যে অনেকে ইন্তেকাল করেছেন। আবার কোন কোন সদস্যের বিদেশ গমন ও যোগাযোগ বিচ্ছিন্নতার কারণে হালনাগাদ তথ্য পাওয়া যাচ্ছে না। নতুন কমিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশনে নতুন সদস্য অন্তর্ভুক্তকরণ, স্মরণিকার তথ্য ও উপাত্ত হালনাগাদকরণ এবং প্রকাশের তাগিদ অনুভব করে।

**সিদ্ধান্ত ৮.১** নতুন সদস্য সংগ্রহ, স্মরণিকা হালনাগাদকরণ ও মুদ্রণের লক্ষ্যে জনাব এনামুল হক খান (নকিব)- এর সভাপতিত্বে ৯ (নয়) সদস্যবিশিষ্ট নিম্নোক্ত কমিটি গঠন করা হল।

| ক্রমিক নং | নাম | পদবি |
|---|---|---|
| ১. | জনাব এনামুল হক খান নকিব | সভাপতি |
| ২. | জনাব এ.কে.এম. জাকির হোসেন | সদস্য |
| ৩. | জনাব কাজী আবুল কালাম | সদস্য |
| ৪. | জনাব এস. এম. আলী আজম লাবু | সদস্য |
| ৫. | জনাব মোঃ ইব্রাহীম হোসেন | সদস্য |
| ৬. | জনাব মঈনুল হাসান মানিক | সদস্য |
| ৭. | জনাব শরীফ শাহাজুল ইসলাম | সদস্য |
| ৮. | জনাব এস এম গোলাম কিবরিয়া (সোহেল) | সদস্য |
| ৯. | জনাব আলতাফ হোসেন | সদস্য সচিব |

**৯. বার্ষিক কর্মপরিকল্পনা বিষয়ক** আলোচনায় উপস্থিত সকলে মত প্রকাশ করে বলেন যে অদ্যকার সভার আলোচনা পরবর্তী সভার আলোচনা বার্ষিক কর্মপরিকল্পনার ভিত তৈরি করবে। এ ছাড়া ত্রিবার্ষিক কর্মপরিকল্পনার প্রয়োজন রয়েছে মর্মে সভায় মত প্রকাশিত হয়।

**সিদ্ধান্ত ৯.১** পরবর্তী সভায় আলোচনা করে বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন করা হবে।

**সিদ্ধান্ত ৯.২** নির্বাহী কমিটির সদস্য ও উপদেষ্টামন্ডলীর মতামত এবং বিগত বার্ষিক সাধারণ সভার প্রত্যাশা নিয়ে বাস্তবসম্মত ত্রিবার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে।

**১০. বিবিধ বিষয়ক আলোচনায়** স্থানীয় পর্যায়ে কিছু উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়নের তাগিদ উত্থাপিত হয়। উপদেষ্টামন্ডলী ও বিদ্যালয়ের সাথে নির্বাহী কমিটির নিবীড় যোগাযোগ রক্ষার প্রয়োজনীয়তা অনুভূত হয়। বর্তমান কমিটি'র অভিমত - সমিতির বয়স প্রায় ০১ (এক) যুগ পার হওয়ায় অ্যালামনাই অ্যাসোসিয়েশন জরুরীভিত্তিতে সরকারি বিধি মোতাবেক নিবন্ধনভুক্ত করা প্রয়োজন। এ ছাড়াও অর্থসম্পাদককে দৈনন্দিন হিসাব পরিচালনায় সহায়তার জন্য কমিটির একজন সদস্যকে মনোনয়নের তাগিদ দেওয়া হয়। আলোচনার এক পর্যায়ে সর্বশেষ সংশোধিত গঠনতন্ত্র নির্বাহী কমিটির সকলের কাছে পৌঁছানোর প্রয়োজনীয়তা তুলে ধরেন। এছাড়াও সভায় গঠনতন্ত্র যুগোপযোগী করার অভিমত প্রকাশিত করা হয়।

০৮/০৫/২০২৬



ঢাকা কার্যালয়ঃ সেতারা'স ড্রীম ভবন, নোভা হোল্ডিংস (তৃতীয় তলা), ১/১১ পল্লবী, মিরপুর, ঢাকা-১২১৬, বাংলাদেশ।
মোবাইলঃ ০১৯৭৭-৯৭৬৬৯৯, ০১৭৮১-৭১৯৩৪৪, ই-মেইলঃ muladimmbalumni@gmail.com

**সিদ্ধান্ত ১০.১** উপদেষ্টামন্ডলীর একটি WhatsApp group খোলা হবে। জনাব এস এম আলী আযম লাবু এ দায়িত্ব পালন করবেন। উপদেষ্টামন্ডলী থেকে জনাব আবদুস সালাম এবং নির্বাহী কমিটি থেকে সভাপতি, সাধারণ সম্পাদক, অর্থ সম্পাদককে এডমিন করে নিতে হবে।

**সিদ্ধান্ত ১০.২** কার্যনির্বাহী কমিটির বছরে অন্তত একটি সভা মুলাদীতে আয়োজন করা হবে। এ ছাড়াও প্রতি বছর সুবিধামত সময়ে বিদ্যালয়ে সেমিনার/মতবিনিময় সভা/জীবনের সফলতার গল্প/অভিজ্ঞতা বিনিময়ের মত অনুষ্ঠান আয়োজনের চেষ্টা করা হবে।

**সিদ্ধান্ত ১০.৩** মুলাদী স্কুল প্রাঙ্গণে প্রতিবছর বৃত্তিপ্রদান কর্মসূচি অন্তর্ভুক্তিমূলক, আনন্দঘন ও সুসংগঠিতভাবে আয়োজন করা হবে।

**সিদ্ধান্ত ১০.৪** দৈনন্দিন হিসাব পরিচালনায় অর্থ সম্পাদককে সহায়তা প্রদানের জন্য নির্বাহী কমিটির সদস্য জনাব রফিকুল ইসলাম (বাদল)-কে মনোনয়ন প্রদান করা হয়।

**সিদ্ধান্ত ১০.৫** সহসভাপতি জনাব মোঃ নাসির উদ্দীন-এর সভাপতিত্বে ০৫ (পাঁচ) সদস্যবিশিষ্ট মুলাদী মাহমুদজান মডেল মাধ্যমিক বিদ্যালয় অ্যালামনাই অ্যাসোসিয়েশনের গঠনতন্ত্র সংশোধন কমিটি গঠন করা হল-

| ক্রমিক নং | নাম | পদবি |
|---|---|---|
| ১. | জনাব মোঃ নাসির উদ্দীন | সভাপতি |
| ২. | জনাব শরীফ মোঃ ছিদ্দিকুর রহমান | সদস্য |
| ৩. | জনাব মোঃ শহীদুল ইসলাম খান | সদস্য |
| ৪. | জনাব মোঃ কামরুজ্জামান রবীন | সদস্য |
| ৫. | জনাব এস. এম. আলী আজম লাবু | সদস্য সচিব |

গঠনতন্ত্র সংশোধন কমিটি কার্যনির্বাহী কমিটির নিকট বার্ষিক সাধারণ সভার অন্তত ০২ (দুই) মাস পূর্বে গঠনতন্ত্র সংশোধনের সুপারিশ পেশ করবে। কার্যনির্বাহী কমিটি সংশোধন বিষয়ক তৎপরবর্তী ব্যবস্থা গ্রহণ করবে।

**সিদ্ধান্ত ১০.৬** সমিতির সাধারণ সম্পাদক তাঁর সুবিধামত নির্বাহী কমিটির সদস্যেদর সহায়তা নিয়ে মুলাদী মাহমুদজান মডেল মাধ্যমিক বিদ্যালয় অ্যালামনাই অ্যাসোসিয়েশনকে সরকারি বিধি মোতাবেক নিবন্ধনভুক্ত করার ব্যবস্থা নিবেন।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৬/০৫/২০২৬

**(মোঃ শহীদুল ইসলাম খান)**
সাধারণ সম্পাদক
মুলাদী মাহমুদজান মডেল মাধ্যমিক বিদ্যালয়
অ্যালামনাই অ্যাসোসিয়েশন

০৬.০৫.২০২৬

**(আবুল কালাম আজাদ)**
সভাপতি
মুলাদী মাহমুদজান মডেল মাধ্যমিক বিদ্যালয়
অ্যালামনাই অ্যাসোসিয়েশন



ঢাকা কার্যালয়ঃ সেতারা'স ড্রীম ভবন, নোভা হোল্ডিংস (তৃতীয় তলা), ১/১১ পল্লবী, মিরপুর, ঢাকা-১২১৬, বাংলাদেশ।
মোবাইলঃ ০১৯৭৭-৯৭৬৬৯৯, ০১৭৮১-৭১৯৩৪৪, ই-মেইলঃ muladimmbalumni@gmail.com